# বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**



*বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম ভবন*



**পাসপোর্ট নাগরিক অধিকার**
**সেবা প্রদান আমাদের অঙ্গিকার**

## সেবা নিন

## নীতি নৈতিকতা রক্ষায় এগিয়ে আসুন

প্রযুক্তির অগ্রযাত্রায় সারাদেশে পরিবর্তনের হাওয়া বইছে। এ অগ্রযাত্রায় পাসপোর্ট অফিসও ব্যতিক্রম নয়। আন্তর্জাতিক পরিমন্ডলে পাসপোর্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিচয় বহন করে। সেক্ষেত্রে আপনার এই মূল্যবান পাসপোর্টটিতে সঠিক ও নির্ভুল তথ্য লিপিবদ্ধ করা প্রয়োজন। একসময় হাতে লেখা পাসপোর্টের প্রচলন ছিল। ২০১০ খ্রিষ্টাব্দে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সময়কালে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর সূচনা হয়। ক্রমান্বয়ে প্রযুক্তির ধারাবাহিকতায় বিশ্বের সাথে তাল মিলিয়ে তাঁর হাত ধরেই ২২ মার্চ ২০২০ এ বাংলাদেশ অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন ই-পাসপোর্ট যুগে প্রবেশ করে।

আপনারা জানেন, দিন দিন সেবা গ্রহিতার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তারপরও সময় এবং প্রয়োজনকে প্রাধান্য দিয়ে সমন্বিত প্রচেষ্টায় সেবা গ্রহণকারীদের সর্বোচ্চ সেবা দিতে আমরা সর্বদা সচেষ্ট থাকি। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক, মেজর জেনারেল মোহাম্মদ আইয়ুব চৌধুরী পিবিজিএমএস, এনডিসি, পিএসি বিভাগীয় ও আঞ্চলিক পাসপোর্ট অফিসগুলোর কার্যক্রম নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে সেবা প্রত্যাশিদের সেবা নিশ্চিতকল্পে নিয়মিত প্রয়োজনীয় দিক নির্দেশনা দিয়ে যাচ্ছেন।

### নৈতিকতা ঃ

দৈনন্দিন কাজকর্ম ও সামাজিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মানুষ যে সকল নীতি, আদর্শ এবং সামাজিক, ধর্মীয় ও আইনগত অনুশাসন মেনে চলার নামই নৈতিকতা। নৈতিকতা হলো কতিপয় বিধান, যার আলোকে মানুষ তার বিবেকবোধ ও ন্যায়বোধ ধারণ ও প্রয়োগ করে থাকে। যে গুণ মানুষকে অন্যায় হতে বিরত রাখে এবং ন্যায় কাজে নিয়োজিত করে, তাই নৈতিকতা। যেমন-প্রতিবেশীর প্রতি কর্তব্য, গুরুজনের প্রতি ভক্তি, দুর্গতের প্রতি সহানুভূতি, শিষ্টাচার, সদাচার ইত্যাদি নৈতিকতা অধিকারের অন্তর্ভুক্ত।

নৈতিক অধিকারের উৎস হচ্ছে নীতিবোধ ও বিবেক বুদ্ধি। আইনগত অধিকার ভঙ্গ করলে রাষ্ট্র অপরাধীকে শাস্তি দিতে পারে। কিন্তু নৈতিক অধিকার ভঙ্গ করলে কোন প্রকার শাস্তি দিতে পারে না। ধর্ম, ঐতিহ্য এবং মানব আচরণ এ তিনটি থেকেই নৈতিকতার উদ্ভব হয়েছে।



*"মুজিব বর্ষের বিশেষ উপহার, ই-পাসপোর্ট সেবায় বীর মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার" একজন বীর মুক্তিযোদ্ধাকে প্রথম ই-পাসপোর্ট হস্তান্তরের মাধ্যমে চট্টগ্রামে ই-পাসপোর্টের শুভ সূচনা।*



*বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতির পিতার জীবনীনির্ভর প্রামাণ্য চিত্র প্রদর্শনী ও মোনাজাত করে রুহের মাগফেরাত কামনা করা হয়।*

## সরকারী নৈতিকতা ঃ

রাজা বা শাসক রাষ্ট্র শাসনের জন্য যা কিছু অনুকূল তাই করে যাবে। ব্যক্তিগত জীবনে যে কাজ করা অন্যায় সে কাজ যদি রাষ্ট্রের পক্ষে অনুকূল হয়, তবে শাসকের পক্ষে তা করা অন্যায় হবে না।

## পাসপোর্ট ঃ

পাসপোর্ট একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ভ্রমণ দলিল। এটি একজন নাগরিকের জাতীয়তার পরিচয় বহন করে। এতে একজন নাগরিকের নাম, ছবি, জন্মতারিখ, পিতা মাতার নাম ও ঠিকানাসহ গুরুত্বপূর্ণ তথ্যাদি লিপিবদ্ধ থাকে। বিশ্বের প্রতিটি দেশের প্রত্যেক নাগরিকের বিদেশ ভ্রমণের জন্য পাসপোর্ট অত্যাবশ্যক। আবেদনকারী পাসপোর্ট আবেদনের সময় নির্ধারিত আবেদন ফরমে নিজেই তার নিজের তথ্যাদি লিপিবদ্ধ করেন এবং এর স্বপক্ষে প্রামাণিক হিসেবে প্রয়োজনীয় ডকুমেন্ট সরবরাহ করে থাকেন। এসব তথ্যাদি পুলিশ বিভাগের মাধ্যমে যাচাই বাছাই অন্তে অনুকূল তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে পাসপোর্ট ইস্যু করা হয়ে থাকে। পাসপোর্টের এসব তথ্যের উপর ভিত্তি করে ভিসা ইস্যু হয়ে থাকে।

সরকারি নির্দেশনা মোতাবেক অফিস আঙ্গিনার উন্মুক্ত স্থানে সিটিজেন চার্টার বোর্ড স্থাপন করা হয়েছে। এর পাশাপাশি আবেদনকারীদের পাসপোর্ট ফরম পূরণের সুবিধার্থে উন্মুক্ত স্থানে পাসপোর্ট আবেদনের পূরণকৃত নমুনা ফরম প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। পাসপোর্ট সেবা প্রত্যাশীদের জন্য সুপেয় পানির ব্যবস্থা এবং অসুস্থ, প্রতিবন্ধী ও সিনিয়র সিটিজেন (যারা চলাচলে অক্ষম) এর জন্য হুইল চেয়ারের ব্যবস্থা, বাচ্চাদের জন্য Breast Feeding এর ব্যবস্থা, পুরুষ ও মহিলাদের জন্য পৃথক নামাজের ব্যবস্থা করা হয়েছে। পবিত্র হজ্জ যাত্রীদের বিশেষ সেবা প্রদানের নিমিত্ত পৃথক হজ্জ বুথ স্থাপনসহ প্রতি মঙ্গলবার গণশুনানী গ্রহণ এবং যে কোন সমস্যা/পরামর্শ গ্রহণের জন্য পরিচালকের সাথে সরাসরি সাক্ষাৎ (Open Door Service) এর সুব্যবস্থা রাখা হয়েছে। অধিকন্তু শিশু, বৃদ্ধ/বৃদ্ধা (চলাচলে অক্ষম), অসুস্থ ও মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান করা হয়।

আমরা জানি, বিভিন্ন দেশের শ্রম বাজারে আমাদের দেশের ৭.৫০ মিলিয়ন এর অধিক লোক কর্মসংস্থানে নিয়োজিত আছেন। তাদের প্রেরিত রেমিটেন্স জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। পাসপোর্ট অধিদপ্তর প্রবাসীদের পাসপোর্ট সেবার ক্ষেত্রে আন্তরিক সহায়তার বিষয়টি গুরুত্ব সহকারে সম্পন্ন করে থাকে। বর্তমান ইসুকৃত পাসপোর্ট অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন এবং আর্ন্তজাতিক মানের। কিন্তু ঘন ঘন তথ্য পরিবর্তন এমনকি গুরুত্বপূর্ণ তথ্য গোপন কিংবা মিথ্যা তথ্যে পাসপোর্ট গ্রহণের ফলে কোন কোন ক্ষেত্রে বিদেশে আমাদের দেশের পাসপোর্ট নিয়ে নেতিবাচক ধারণা সৃষ্টি হওয়ায় অনেক দেশে ভিসা পাওয়ার ক্ষেত্রে জটিলতা কিংবা নতুন ভিসা প্রাপ্তি সংকুচিত বা কোন কোন দেশে ভিসা প্রাপ্তি বন্ধ হয়ে যায়। এতে করে দেশের লোকের কর্মসংস্থানের সুযোগ অনেক ক্ষেত্রে বন্ধ হয়ে যায়। এসব সমস্যা সমাধানে সরকারকে অনেক বিব্রতকর অবস্থার সম্মুখীন হতে হয়। একটু লক্ষ্য করলে দেখা যায়, এরূপ লোকের সংখ্যা খুবই কম। কিন্তু সংখ্যা খুব কম হলেও বাস্তবে এদের এসব নৈতিকতাহীন কাজ পুরো জাতির উপর নেতিবাচক ধারণা সৃষ্টি করে এবং পুরো জাতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, মালয়েশিয়া প্রবাসী একজন কর্মী মালয়েশিয়া হতে বাংলাদেশে এসে বয়স পরিবর্তন করে পুনরায় মালয়েশিয়ায় গমনকালে মালয়েশিয়ান ইমিগ্রেশন কর্তৃপক্ষ বয়স পরিবর্তনের কারণে তাকে আটকে দেয়। পরে ছাড়া পেলেও এ ঘটনার পর থেকে মালয়েশিয়ায় বাংলাদেশী কর্মীদের পাসপোর্ট নিয়ে সন্দেহ করা হয়। এতে দেশের ভাবমুর্তি ক্ষুন্ন হয় এবং অন্যান্য বাংলাদেশীরা ক্ষতিগ্রস্থ হন। তাই প্রত্যেক প্রবাসীর নৈতিক দায়িত্ব হলো তার কারণে দেশের অন্য নাগরিকের কিংবা দেশ ও জাতির ক্ষতি হয় এরূপ কার্যক্রম থেকে বিরত থাকা।

তাই, পাসপোর্ট আবেদন ফরম পূরণের সময় সঠিক তথ্য দিয়ে আবেদন ফরম পূরণ করবেন। ভবিষ্যতে যাতে তথ্য পরিবর্তনের প্রয়োজন না পড়ে। কোন বিষয়ে সন্দেহ থাকলে কিংবা না বুঝলে অফিসের পরামর্শ গ্রহণ করুন। বর্তমান ডিজিটাল যুগে কোন আবেদনকারী পূর্ববর্তী পাসপোর্ট গোপন করলে কিংবা তথ্য পরিবর্তন করলে সরাসরি সিস্টেমে আটকে যায়। আবেদনকারীদের মনে রাখতে হবে যে, তথ্য গোপন করে পাসপোর্ট পাওয়ার সুযোগ সফটওয়ার সিস্টেমে নাই। তথ্য গোপনের ফলে পাসপোর্ট আটকে যায় এবং বিষয়টি নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। এছাড়া এর পেছনে অফিসের অনেক শ্রমঘন্টা ব্যয় করতে হয়। তাই প্রত্যেক নাগরিকের আইনগত দায়িত্বের পাশাপাশি নৈতিক দায়িত্ব হলো সঠিক তথ্যে পাসপোর্ট করে দেশের ভাবমুর্তি উজ্জল করা, বাংলাদেশ পাসপোর্টের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করা এবং জাতীয় অর্থনীতিকে ক্ষতির হাত থেকে রক্ষা করা। পাসপোর্ট সেবা প্রত্যাশীদের নিকট এটাই আমাদের কাম্য।



*"বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকীর বিশেষ উপহার, হজ্ব যাত্রীদের অগ্রাধিকার" হজ্ব সেবা বুথের কার্যক্রম পরিদর্শন করছেন বিভাগীয় পাসপোর্ট অফিসের পরিচালক জনাব আবু সাইদ।*



*একজন সেবা গ্রহিতা তার শিশুকে সুপেয় পানি পান করাচ্ছেন।*



*একজন অসুস্থ সিনিয়র সিটজেনকে অগ্রাধিকার ভিত্তিতে সেবা দেওয়া হচ্ছে।*




*মহিলাদের আলাদা নামাজ কক্ষ ও শিশুদের ব্রেস্ট ফিডিং কর্ণার।*



*নিয়মিত অফিস পরিদর্শনে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম এর পরিচালক জনাব আবু সাইদ।*

*প্রচার ও প্রকাশনায় ঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম।*